দৈনিক ইত্তেফাক

তারিখ 03 MAY 1994
পৃষ্ঠা ৪ কলাম ২

119

# এসএসসি পরীক্ষার প্রথম দিনে প্রায় ৫ শত বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ॥ দেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯৪ সালের এস, এস, সি, পরীক্ষা গতকাল (সোমবার) শুরু হইয়াছে। প্রথম দিনে ছিল বাংলা প্রথম পত্রের পরীক্ষা। ৪ বোর্ডে মোট ৬ লক্ষ ৯২ হাজার ৭৪১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। রাত ১১টা পর্যন্ত মোট ৪৯৮ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হওয়ার খবর পাওয়া গিয়াছে। বেসরকারী শিক্ষক ধর্মঘরে কারণে এবার পরীক্ষা গ্রহণের জন্য সরকারী কলেজ শিক্ষক, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং সরকারী কর্মকর্তা কর্মচারীদের নিয়োগ করা হইয়াছে। কোন কোন স্থানে বেসরকারী শিক্ষকরাও পরীক্ষা গ্রহণের দায়িত্ব পালন করিয়াছেন। বিভিন্নস্থানে গতকালের পরীক্ষায় গণটোকাটুকির খবর পাওয়া গিয়াছে। এবারই প্রথম কম্পিউটার পদ্ধতিতে এস এসসি পরীক্ষা গ্রহণ করা হইতেছে। কিন্তু অনেক পরিদর্শকই এই পদ্ধতি সম্পর্কে ছাত্র-ছাত্রীদের

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

অবহিত করিতে ব্যর্থ হন।

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার গতকাল ঢাকা শহরের কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। শিক্ষা সচিব, ঢাকা বোর্ডের চেয়ারম্যান ও অন্য কর্মকর্তাগণও তাহার সঙ্গে ছিলেন।

শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান নগরীর কয়েকটি কেন্দ্র পরিদশন করেন। গতকালের পরীক্ষায় ঢাকা বোর্ডে ৯৯ জন, ...মিল্লা বোর্ডে ১৫৬ জন, রাজ... বোর্ডে ২২৪ জন এবং ... বোর্ডে ১৯ জন বহিষ্কৃত ... খবর পাওয়া গিয়াছে।

...ড়াছড়ি: গত রবিবার ...টটায় পানছড়ি থানায় ... পরীক্ষা কেন্দ্রের স্থান ... নিয়া সৃষ্ট জটিলতাকে ...য়া ছাত্র-জনতার সহিত ...ংঘর্ষে ৪০ জন আহত ... কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ ...সসি পরীক্ষা গ্রহণের ...ড়ি বাজার উচ্চ বিদ্যা... কেন্দ্র স্থাপনের ...দেওয়ায় পানছড়ি ... উচ্চ বিদ্যালয় ...ট উচ্চ বিদ্যালয়, ...দ্যালয় ও লোগাং ...র ছাত্র-ছাত্রী, ...স্থানীয় নেতৃবৃন্দ ...র বিরোধিতা ... কেন্দ্রে পরীক্ষা ...খার এবং ...নছড়ি পাইলট ...ান্তর করার ...াকে কেন্দ্র ...-জনতা ও ...ধাবিভক্তির ... পানছড়ি ... সমর্থকরা ...ক্ষোভ প্রদর্শন করে এবং রাস্তায় বড় বড় গাছ দিয়া ও ষ্টীল ব্রীজের স্লাব খুলিয়া পানছড়ি-খাগড়াছড়ি সড়কে অবরোধ সৃষ্টি করে। এই ঘটনার খবর পাইয়া জেলা প্রশাসক ও পুলিশ সুপার ঘটনাস্থলে পৌঁছিলে উত্তেজিত ছাত্র-জনতা জেলা প্রশাসকের গাড়ী লক্ষ্য করিয়া ব্যাপক হারে ইটপাটকেল নিক্ষেপ করিতে থাকে। ইহাতে জেলা প্রশাসকের গাড়ীর ক্ষতি হয়। পুলিশ ঘটনাস্থলে পেঁৗছিয়া ১ রাউণ্ড কাঁদানে গ্যাস ও ৮ রাউণ্ড ফাঁকাগুলী ছুঁড়িয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালায়। সংঘর্ষে একজন এএসপিসহ ২০ জন পুলিশ ও ২০ জন ছাত্র-জনতা আহত হয়।

পুলিশ ঘটনাস্থল হইতে ৯ জনকে আটক করিয়াছে। এ ব্যাপারে পানছড়ি থানায় মামলা হইয়াছে।

গতকাল জেলার ৮টি থানার ৮টি পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল লক্ষীছড়ি কেন্দ্রে ৩ জন এবং দীঘিনালায় ১ জনকে বহিষ্কার করা হইয়াছে।

**যশোর:** গতকাল বাংলা প্রথমপত্রের পরীক্ষায় যশোর বোর্ডের বিভিন্ন কেন্দ্রে নকলের ছড়াছড়ি লক্ষ্য করা গিয়াছে। বেসরকারী স্কুলের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ ধর্মঘটে থাকায় কোথাও কোথাও চাপরাশি, পিয়নরাও ছাত্র-ছাত্রীদের পরীক্ষা গ্রহণ করিয়াছে। অনেক কেন্দ্রে ছাত্র ছাত্রীদের নকল করিতে দেখিয়াও কোন পদক্ষেপ গ্রহণ করা হয় নাই। যশোর শহরে ১ জন, কেশবপুরে ১ জন পটুয়াখালীতে ১ জন ও ঝালকাঠি শহরে ১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

বরিশাল: বরিশাল জেলার ১৬টি মূলকেন্দ্রসহ ২১টি কন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। ৫টি কেন্দ্রে সরকারী কলেজের শিক্ষকেরা ও ২টি কেন্দ্রে আন্দোলনরত স্কুলের শিক্ষকেরা পরীক্ষা গ্রহণ করেন। জেলায় বহিষ্কারের সংখ্যা নয় জন। বরগুনার বাঁশবুনিয়া হাইস্কুলের ৮৯ জন পরীক্ষর্থীর প্রবেশপত্র না আনায় তাহারা গতকাল জেলা জজ আদালতের শরণাপন্ন হয়। আদালত পরীক্ষা গ্রহণের নির্দেশ দেওয়ার পর ঐ নির্দেশ কেন্দ্রে পৌছিতে এক ঘন্টা সময় লাগিয়া যায়। এই দিকে পাথরঘাটা কেন্দ্রে ২০ মিনিট পর পরীক্ষা শুরু হয়। ঐ জেলায় কোন বহিষ্কার নাই।

খুলনা: এসএসসি পক্ষারীর প্রথম দিনে গতকাল বাংলা প্রথম পত্রের পরীক্ষায় নকল করার অভিযোগে তেরখাদা কেন্দ্র হইতে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। খুলনা মহানগরীতে বেসরকারী মডেল হাইস্কুল ও ফাতেমা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষয়িত্রী ছাড়া অন্য কোন বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ পরীক্ষা গ্রহণে অংশ নেন নাই।

আমাদের নিজস্ব সংবাদদাতাগণ জানান, গতকাল নরসিংদীতে ৮ জন, শরীয়তপুরে ১৫ জন, মেহেরপুরে দুইজন, বগুড়ায় ১৪ জন, চাঁপাইনবাবগঞ্জে তিনজন, চাঁদপুরে পাঁচজন, টাঙ্গাইলে ১৩ জন, নেত্রকোনায় ১২ জন, ঠাকুরগাঁয়ে ৩১ জন, সিলেটে একজন, দাউদকান্দিতে আটজন, কুড়িগ্রামে ১৪ জন, গাইবান্ধায় ৪৪ জন, ফরিদপুরে একজন, ঝালকাঠিতে তিনজন, কুষ্টিয়ায় ছয়জন, মানিকগঞ্জে সাতজন ও ব্রাহ্মণবাড়িয়ায় পাঁচজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। বরগুনায় ৩১ জন পরীক্ষার্থী প্রবেশপত্র না পাওয়ায় পরীক্ষায় অংশ নিতে পারে নাই। ১৪৪ ধারা ভঙ্গের দায়ে সিলেটে এক জনকে গ্রেফতার করা হয়।

...ND STATISTICS
3. SYSTEM
SHEET — OF — SHEETS